

অর্থ বিভাগের বিভিন্ন অনুবিভাগ ও সংস্থার কার্যাবলীঃ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক এর কার্যালয়

মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক বাংলাদেশ সরকারের সর্বোচ্চ হিসাব নিরীক্ষা প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠান প্রজাতন্ত্রের সরকারি হিসাব এবং সকল আদালত, সরকারি কর্তৃপক্ষ ও কর্মচারীর হিসাব, বিধিবদ্ধ সংস্থা, পাবলিক এন্টারপ্রাইজ এবং স্থানীয় কর্তৃপক্ষের হিসাব নিরীক্ষা করে। ২০১৯-২০ অর্থবছরে মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক-এর কার্যালয় কর্তৃক সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলী নিম্নে তুলে ধরা হলোঃ

অডিট আপত্তি

- ২০১৯-২০ অর্থবছরে অডিট আপত্তির সংখ্যা ২,৩৭,৮৮০টি। এর সাথে সম্পৃক্ত অর্থ ৪,৮৪,৭৮৬.৩৩ কোটি টাকা। নিষ্পত্তিকৃত অডিট আপত্তির সংখ্যা ২৪,৩৩৫টি এবং এর সাথে সম্পৃক্ত অর্থ ১৯,০৩০.৭৭ কোটি টাকা। অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ২,৩৭,৮৮০টি। এর সাথে সম্পৃক্ত অর্থের পরিমাণ ৪,৬৫,৭৫৫.৫৬ কোটি টাকা।

অন্যান্য কার্যাবলী

- দেশের অভ্যন্তরে বিভিন্ন অডিট অধিদপ্তর, ফিমা, সিজিডিএফ এর মোট ২,৪৫২ জন কর্মকর্তা, কর্মচারীকে ৯৩টি প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে;
- ৯৫টি ইন হাউজ প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন করা হয়েছে। এগুলোতে অংশগ্রহণকারীর সংখ্যা মোট ১,২৮৫ জন;
- দেশের অভ্যন্তরে ১০টি ওয়ার্কসপ/সেমিনার আয়োজন করা হয়েছে। এগুলোতে অংশগ্রহণকারীর সংখ্যা মোট ৩০৯ জন;
- বাণিজ্যিক অডিট অধিদপ্তর Audit Matrix প্রণয়ন করেছে; এবং
- সিজিএ কার্যালয়, সিজিডিএফ, অডিট অধিদপ্তরের বিভিন্ন বৈদেশিক সাহায্যপুঙ্খ প্রকল্প, ফিমা, প্রতিরক্ষা অডিট অধিদপ্তর, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, রেলওয়ে অডিট অধিদপ্তর, পূর্ত অডিট অধিদপ্তর, পারফরমেন্স অডিট অধিদপ্তর, ডাক, টেলিযোগাযোগ, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক অডিট অধিদপ্তর ও সিভিল অডিট অধিদপ্তরে মোট ৮২৮টি কম্পিউটার স্থাপন করা হয়েছে এবং ৬৮৮ জন কর্মকর্তা, কর্মচারীকে কম্পিউটার বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।